মেহেরপুর পৌরসভায় সংরক্ষিত কাউন্সিলর প্রার্থী তৃতীয় লিঙ্গের সিমা চৌধুরী

আমি জনগনের সুখ দুখ আর ভালবাসা শেয়ার করতে চাই। তাদের পাশে থেকে সেবা করতে চাই।আপনারা আমাকে ভোট দেবেন। দোওয়া করবেন আমি যেনো দেশ ও দশের সেবা করতে পারি।
পছন্দের প্রতীক “গোলাপ ফুল” হাতে পেয়ে এমন প্রতিক্রিয়া ব্যাক্ত করেছেন মেহেরপুর পৌরসভার ৩ নং (৭,৮,৯) ওয়ার্ডের সংরক্ষিত সদস্য প্রার্থী তৃতীয় লিঙ্গের সিমা চৌধুরী।
এই ওয়াডের অন্য দুজন নারী প্রার্থীর্রা হলেন হামিদা ও রোকসানা খাতুন। মেহেরপুর পৌর সভায় এই প্রথম একজন তৃতীয় লিঙ্গের প্রার্থী ভোট যুদ্ধে অংশ নিয়েছেন।

কাদার মধ্যে থাকা পুঁটি, চিংড়ি, বেলে, তেলাপিয়া

কাদার মধ্যে লুকিয়ে থাকা পুঁটি, চিংড়ি, বেলে, তেলাপিয়া আর হরেক রকম দেশী মাছ ধরায় ব্যাস্ত গ্রামের শিশু থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত সবাই।এটা তাদের পেশা নয়, নেশা।তবে ঘন্টা খানেক মাছ ধরলে ৫০০ গ্রাম থেকে ১ কেজি পর্যন্ত মাছ পাওয়া যায়। বাড়ির তরকারিতে মাছের প্রয়োজন মেটে এ মাছ দিয়েই।বললেন পিরোজপুর গ্রামের বৃদ্ধ রমজান আলী, শিশু মাছুম হোসেন ও চল্লিশোর্ধ ফাহিম হোসেন।আজ শুক্রবার ভৈরব নদের পিরোজপুর ঘাটের নিছ থেকে মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুকে সাথে নিয়ে ছবিটি তুলেছেন মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন–

গাংনীর খাসমহলের মৎস্য চাষি লিটনকে হত্যার চেষ্টার অভিযোগ

মেহেরপুরের গাংনীর কাথুলি ইউপির খাসমহল গ্রামের সরকারী পুকুর খননকে কেন্দ্র করে প্রকল্প সভাপতি ও মৎস্য চাষি লিটনকে হত্যার চেষ্টা করেছে স্থানীয় মাদক ব্যাবসায়ীরা।

বৃহষ্পতিবার সকাল ছয়টার দিকে সরকারী পুকুর পাড়ে এ ঘটনাট ঘটে। গ্রামের মৃত চান্দুর ছেলে আহম্মদ আলী ও তার ভাই মোমিন হাসুয়া দিয়ে হত্যার চেষ্টায় ব্যর্থ হলে লিটনকে বাঁশের লাঠি দিয়ে আঘাত করে। চাঁদা না দেয়ায় এ হত্যার চেষ্টা করা হয়েছে বলে দাবি করেছেন লিটন। লিটন খাসমহল গ্রামের আব্দুল্লাহ শেখের ছেলে।

লিটন জানান, তিনি নিজ বাড়িতে ঘুমিয়ে ছিলেন। এসময় গ্রামের জনৈক ব্যক্তি তাকে খবর দেন যে, সরকারী পুকুর পাড়ের বালু কে বা কারা উত্তোলন করে নিয়ে যাচ্ছে। খবর পেয়ে তিনি পুকুর পাড়ে আসেন। এসময় কাউকে দেখতে না পেয়ে তিনি মিয়ারুলের বাড়িতে প্রবেশ করেন। এসময় আহম্মদ ও মোমিন অপহরণের চেষ্টা করে।

আহম্মদ আলী লিটনকে হাসুয়া দিয়ে হত্যার চেষ্টা চালালে লিটন হাসুয়া কেড়ে নেয় এবং মোমিন ও আহম্মদ মিলে তাকে মারপিট করে। আহম্মদ আলীর ফেনসিডিলের চালান প্রশাসনের লোকজন বেরিকেড দিয়ে কেড়ে নিয়েছে মর্মে অভিযোগ এনে লিটনের কাছে চারলাখ টাকা চাদা দাবী করে তারা।

এতে অপারগতা প্রকাশ করলে রাগান্বিত হয়ে হত্যার চেষ্টা অব্যাহত রেখেছে বলেও অভিযোগ করেছেন লিটন। এদিকে মিয়ারুল লিটনের প্রাণ ভিক্ষা চাওয়ায় আহম্মদ ও লিটন মিয়ারুলের দেড় লাখ টাকা মুল্যের একটি গরু নিয়ে যায়। আহম্মদ আলীর নামে আটটি মামলা রয়েছে। মোমিনের নামেও রয়েছে একাধিক মামলা।

লিটন আরো জানান, সম্প্রতি তিনি সরকারী পুকুর খনন করছেন। আট লাখ টাকা ব্যয়ে খননকৃত পুকুরটি হস্তগত করতে মরিয়া হয়ে উঠেন স্থানীয় জনপ্রতিনিধি ও প্রভাবশালীরা। তারা ওই পুকুর খননের ছবি ও ভিডিও ধারন করে বিভিন্ন সোস্যাল মিডিয়াতে ছড়িয়ে দিলে প্রশাসন তদন্ত

শুরু করেন। বিষয়টি ভুয়া প্রমানিত হয়।

অবশেষে লিটনকে শায়েস্তা করতে কৌশল বেছে নেন ওই প্রভাবশালীরা। তারা এলাকার পরিচিত মাদক পাচারকারীদেরকে লেলিয়ে দেয়। অবশেষে আহম্মদ ও মোমিন এ হত্যার চেষ্টা চালিয়েছে। এদের বিরুদ্ধে থানায় মামলার প্রস্তুতি নিচ্ছেন বলেও জানান লিটন।

বিষয়ে আহমদ আলীর সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোনে জানান, আমি তার জমির বন্দক দিয়েছি কিন্তু সে আমার টাকা ফেরত দিচ্ছে না আজকাল করে ঘুরে নিয়ে বেড়াচ্ছে আমি সেই টাকা চাইতে গিয়ে ছিলাম।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, তিনি এ বিষয়ে কিছুই জানেন না। তবে অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

আলমডাঙ্গায় কলেজ প্রাঙ্গণে হেরোইন সেবন, যুবকের জেল-জরিমানা

আলমডাঙ্গায় মাদক সেবনের অপরাধে গাউসুল কাউনাইন সুষম (৩৮) নামে এক যুবককে এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে হারদি এমএস জোহা কলেজ মাঠে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। সাজাপ্রাপ্ত গাউসুল কাউনাইন সুষম আলমডাঙ্গা শহরের বাবুপাড়ার মৃত হিলু কাউনাইনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে হারদি এমএস জোহা কলেজ মাঠে অভিযান চালায় ওসমানপুর ক্যাম্প পুলিশের উপ-সহকারী পরিদর্শক আনোয়ার হোসেন।

এসময় মাদক সেবনের সময় সরঞ্জামসহ আটক করা হয় গাউসুল কাউনাইন

সুষমকে। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে গাউসুল কাউনাইন সুষমকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ২০১৮ এর আইনে মাদকসেবনের দায়ে যুবককে এক বছরের বিনাশ্রম কারান্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মেহেরপুর শহরের ফৌজদারী পাড়ার মেহেরুলের ৬ মাস কারাদন্ড

মেহেরপুর শহরের আব্দুস সালামের উপর হামলার অভিযোগে দায়ের করা মামলায় মেহেরুল ইসলাম (২৮) নামের এক যুবককে ৬ মাসের কারাদন্ড দিয়েছে আদালত।

দন্ডিত মেহেরুল ইসলাম শহরের ফৌজদারী পাড়া এলাকার মৃতু আবুল কাশেম বাবলুর ছেলে। আজ বৃহস্পতিবার (২৬ মে) দুপুরে মেহেরপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-২ এর বিজ্ঞ বিচারক তারিকুল ইসলাম এ রায় দেন।

মামলায় প্রধান আসামী মেহেরুল ইসলামকে কারাদন্ড দিয়েছেন। এছাড়া তার বোন লাভলী খাতুন ও মা মাহেরা খাতুনকে বেখসুর খালাস দিয়েছে আদালত।

মামলার বিবরণে জানা যায়, নারিকেল গাছ ও কবুতর পালন করে বাড়ি ঘর নোংরা করার প্রতিবাদ করাই ২০২০ সালের ১৪ অক্টোবর মেহেরুল ইসলামের নেতৃত্বে বোন লাভলী খাতুন ও মা মাহেরা খাতুন মিলে লাঠি শোঠা দিয়ে আব্দুস সালামকে মারধর করে। এসময় আব্দুস সালামের কাছে থাকা ব্যবসার ৪৮ হাজার টাকা ছিনিয়ে নেয় এবং বাড়ি ঘরে হামলা করে আসবাবপত্র ভাঙচুর করে প্রায় ৫০ হাজার টাকার ক্ষতি সাধন করে।

এঘটনায় আব্দুস সালাম বাদী হয়ে ওই তিনজনকে বিবাদী করে মেহেরপুর আদালতে একটি মামলা দায়ের করেন। মামলা নং সিআর ৩৫৮/২০। মামলায় বাদী পক্ষের আইনজীবি ছিলেন অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ও আদিল

করীম।
আসামী পক্ষের আইনজীবি ছিলেন অ্যাডভোকেট মোখলেছুর রহমান স্বপন। মামলার রায়ে সন্তোষ প্রকাশ করেছেন বাদী আব্দুস সালাম।

কোটচাঁদপুরে ইয়াবাসহ মাদকসেবীর ৩ মাসের কারাদন্ড

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযানে ৫২ পিচ ইয়াবাসহ মনিরুর ইসলাম (৩৩) নামে এক যুবককে গ্রেফতার করেছে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে পৌর শহরের বাজেবামনদাহ কারিকর পাড়ার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। পরে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মাদকসেবী যুবককে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ৫ হাজার টাকা জরিমানার আদেশ প্রদান করেন, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট মোঃ দেলোয়ার হোসেন।

দন্ডপ্রাপ্ত মনিরুল ইসলাম ওই এলাকার মসলেম উদ্দীনের ছেলে। জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক আবুল কালাম আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল কোটচাঁদপুর পৌর শহরের বাজেবামনদাহ পাড়ায় অভিযান চালায়।

এসময় মাদকসেবী মনিরুলকে গ্রেফতার করা হলে, তার স্বীকারোক্তি অনুযায়ী ৫২ পিচ ইয়াবা উদ্ধার করা হয়। পরে তাকে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড দেয় ভ্রাম্যমান আদালত।

কাথুলিতে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে সমন্বয় সভা অনুষ্ঠিত

বিদ্যালয় থেকে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে, অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার ধলা মাধ্যমিক বিদ্যালয় অনুষ্ঠিত হয়েছে।
ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় কন্যা শিশু ও এ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার ও সিরাজুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রাম উন্নয়ন দলের সভাপতি ফজলুল হক কাবুল হোসেন, স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের সদস্য আনারুল ইসলাম। উপস্থিত ছিলেন ভি,ডি,টি, নারী নেত্রী, ও ইয়ুথ সদস্য বৃন্দ।
শিক্ষার্থী ঝরে পড়া রোধে এবং বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি এবং নিয়মিত বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
সমন্বয় সভায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর কাথুল ইউনিয়ন সমন¦য়ক মো: বাশার উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৫ ইউপি চেয়ারম্যান, ৩৩ সাধারণ, নারী সদস্য ও কাউন্সিলর প্রার্থীরা

প্রার্থীতা প্রত্যাহার

১৫ জুন আসন্ন মেহেরপুর পৌরসভা, সদর উপজেলার পিরোজপুর, আমঝুপি, নব গঠিত বারাদী ও শ্যামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের ২৬ মে প্রার্থীতা প্রত্যহারের শেষ দিন।

এদিনে শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় প্রার্থীসহ ৫ জন চেয়ারম্যান, ৩১ জন সাধারণ সদস্য (মেম্বর) ও ২ জন সংরক্ষিত নারী সদস্য তাদের প্রার্থীতা প্রত্যাহার করে নিয়েছেন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিস সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যাহারকৃত চেয়ারম্যান প্রার্থীতা হলেন, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের আওয়ামীলীগের দলীয় প্রার্থী আব্দুর রব বিশ্বাস, নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদের মাহফুজুর রহমান, আরিফুল ইসলাম, আরজুল্লাহ রহমান ও পিরোজপুর ইউনিয়নের সামসুল আলম প্রার্থীতা প্রত্যাহার করে নিয়েছেন।

এসব ইউনিয়নে ৩১ জন সাধারণ সদস্য তাদের প্রার্থীতা প্রত্যাহার করে নেন। এরা হলেন, বারাদী ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য আলতাব হোসেন, ৫ নং ওয়ার্ডের হাসানুজ্জামান, ৪ নং ওয়ার্ডের মহররম হোসেন, ৫ নং ওয়ার্ডের হাসানুজ্জামান, পিরোজপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইমাদুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের জন বিশ্বাস, ৪ নং ওয়ার্ডের আরিফুল ইসলাম খান,৬ নং ওয়ার্ডের আরিফুল ইসলাম, ৯ নং ওয়ার্ডের রফিকুল ইসলাম, আবুল কালাম আজাদ, শ্যামপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের ইনছান আলী, ৫ নং ওয়ার্ডের ইদ্রিস আলী, ৭ নং ওয়ার্ডের ইকরাম হোসেন, আব্দুল বারী, ৯ নং ওয়ার্ডের জাহাঙ্গীর হোসেন, শ্যামপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের মুক্তারুল ইসলাম, ৭ নং ওয়ার্ডের মজিবর রহমান, ৯ নং ওয়ার্ডের আলাল হোসেন, শামীম হোসেন ও সেলিম হোসেন।এছাড়া সংরক্ষিত নারী সদস্যদের মধ্যে রয়েছেন, বারাদী ইউনিয়নের সংরক্ষিত ৩ নং ওয়ার্ডের সদস্য লালবানু খাতুন, শ্যামপুর ইউনিয়নের সংরক্ষিত নারী সদস্য জেসমিন খাতুন। এছাড়া
মেহেরপুর পৌর সভার ২ নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী মিজানুর রহমান জনি প্রার্থীতা প্রত্যাহার করেছেন।

উল্লেখ্য, আগামী ১৫ জন মেহেরপুর পৌরসভা, সদর উপজেলার বারাদী, পিরোজপুর, শ্যামপুর ও আমঝুপি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত

মটমুড়া ইউনিয়ন পরিষদে জনঅংশগ্রহণ মূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¦ক জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা আজ বৃহস্পতিবার সকালের দিকে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ও মটমুড়া ইউনিয়ন পরিষদের আয়োজনে এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¡ক দিনব্যাপি এই কর্মশালা অনুষ্ঠিত হয়।
মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায়
প্রধান অতিথির বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর আঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্টের গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, মটমুড়া ইউপি সচিব রফিকুল ইসলাম, কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক জনাব তোজাম্মেল ইসলাম, মটমুড়া ইউনিয়ন ভলেন্টিয়ার ফোরাম সভাপতি হাসান আলী। কর্মশালা পরিচালনা করেনদ হাঙ্গার প্রজেক্ট এর প্রশিক্ষন বিভাগের প্রশিক্ষক সুখময় পাল।
প্রশিক্ষণ কর্মশালায় এসডিজি স্থানীয়করণে পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা নির্ধারণে স্থানীয় সম্পদ ও নেতৃত্ব, এবং সরকারি বরাদ্দের যথাযথ ব্যবহার করে ইউনিয়নের অগ্রাধিকার প্রাপ্ত সমস্যা সমাধান করার কৌশল নিয়ে আলোচনা করা হয়।
এসময় মটমুড়া ইউনিয়নের সাধারণ সদস্য, সংরক্ষিত নারী সদস্যবৃন্দ, স্থানীয় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ইউনিয়নের কাজী, কমিউনিটি ক্লিনিক হেলথ প্রোভাইডার, ইউনিয়নে কর্মরত সরকারি কর্মকতা সহ প্রাম উন্নয়ন দলের উজ্জীবক, নারী নেত্রী, ইয়ুথ লিডার সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় সহায়ক ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট এর মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর আয়োজনে কাজী নজরুলের জন্ম বার্ষিকী পালন

বিদ্রোহী কবির লেখা গান, কবিতা ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী আয়োজন করছে প্রেম ও সামঢের কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী উদযাপন।

বুধবার রাত সাড়ে ৯ টার সময় গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজন করা হয়।

গাংনী উপজেলা শিল্পকলার আয়োজনে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও শিল্পকলার অন্যতম প্রতিষ্ঠাতা সিরাজুল ইসলাম।

করমদী ডিগ্রী কলেজের প্রভাষক এএসএম সায়েম পল্টুর সঞ্চালনায় নজরুলের জীবনী তুলে ধরে বক্তব্য রাখেন দি হাঙ্গাার প্রজেক্ট বাংলাদেশ এর খুলনা এরিয়া অফিসের সমন্বয়ক খোরশেদ আলম, গাংনীর বিশিষ্ট ছড়াকার ও কবি ইয়াসিন রেজা, গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক কবি আবুল কাশেম অনুরাগী, কুষ্টিয়া ইসলামি বিশ্ববিদ্যালয়ের টেকনিকেল অফিসার অশোক চন্দ্র বিশ্বাস, করমদি ডিগ্রি কলেজের বাংলা বিভাগের প্রভাষক মাসুদ রানা।
অনুষ্ঠানে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের লেখা কবিত আবৃতি করেন অনুষ্ঠানের সভাপতি সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, কবি আবুল কাশেম অনুরাগী ও আজিজুল হক রানু।

এছাড়া সংগীত পরিবেশন করেন গাংনী শিল্পকলার ওস্তাদ এসএম সেলিম রেজা, খুলনা বেতারের কন্ঠ শিল্পী মাহবুবা আক্তার বিউটি, রেশমা রেজা, ফারহানা কানিজ তথাপি, হোসেন আদ্রিতা ইমরোজ, নিরব,